BGAPMEA

BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]

বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/গ্রুপ টার্ম ইন্স্যুরেন্স-২০২৪-২৫/২০২৪/১৫৯(পার্ট-২১)/১৬৯ তারিখঃ ১০-০৯-২০২৪ইং

প্রাপক,
বিজিএপিএমইএ-র সকল সম্মানিত সদস্যবৃন্দ।

বিষয়ঃ বিজিএপিএমইএ এর সদস্যভূক্ত প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের কল্যাণার্থে অক্টোবর/২০২৪ থেকে সেপ্টেম্বর/২০২৫ মেয়াদে এক বছরের জন্য গ্রুপবীমা প্রসঙ্গে।

সূত্র ঃ বিজিএপিএমইএ এবং ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এর মধ্যকার Group Term (GT) Life Insurance Contract No. 1023/2010 dt. 29-09-2010 (Endorsement No. 001 dt. 10-10-2012, 002 dt. 26-09-2013, 003 dt. 04-10-2016 & 005 dt. 01-10-2022)

প্রিয় মহোদয়,

আপনারা ইতোমধ্যে সম্যকরূপে অবহিত হয়েছেন যে, বিজিএপিএমইএ এর সদস্য প্রতিষ্ঠানসমূহ এসোসিয়েশনের মাধ্যমে ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর নিকট থেকে ২০১০ সাল থেকে প্রতি বছরের ০১ অক্টোবর থেকে পরবর্তী বছরের ৩০ সেপ্টেম্বর এক বছরের ভিত্তিতে সহযোগী বীমার সুবিধাসমূহ {Permanent and Total Disability (PTD) & Permanent and Partial Disability (PPD)} গ্রুপ বীমার সুবিধা পেয়ে আসছে। এ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

০১। **গ্রুপ বীমা সুবিধার পরিমানঃ** বীমাভূক্ত প্রতিষ্ঠানের মালিক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং শ্রমিক/কর্মচারী জনপ্রতি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মৃত্যু দাবী পাবেন। তাছাড়া, স্থায়ী ও অস্থায়ী সম্পূর্ণ অক্ষমতার বীমা সুবিধাও রয়েছে যা **'সংলগ্নী-১'** দ্রষ্টব্য।

০২। **গ্রুপ বীমার প্রিমিয়ামের হারঃ**

(ক) প্রতিষ্ঠানের মালিক হলে (বয়স ১৮-৬৪)ঃ

বীমাকারীর বয়স	প্রিমিয়ামের হার **বার্ষিক**	বীমাকারীর বয়স	প্রিমিয়ামের হার **বার্ষিক**
১৮-৬০ বছর	২.০০ x ৫০০ = টাঃ ১,০০০/-	৬০ বছর +	১৪.৪০ x ৫০০ = টাঃ ৭,২০০/-
৬১ বছর +	১৬.২০ x ৫০০ = টাঃ ৮,১০০/-	৬২ বছর +	১৮.৫০ x ৫০০ = টাঃ ৯,২৫০/-
৬৩ বছর +	২১.৫০ x ৫০০ = টাঃ ১০,৭৫০/-	৬৪ বছর +	২৫.১০ x ৫০০ = টাঃ ১২,৫৫০/-
৬৫ বছর	**বীমাভূক্তি করা যাবে না।**		

(খ) শ্রমিক-কর্মচারী শুধুমাত্র যাদের বয়স ১৮-৫৯ এর মধ্যেঃ জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম ৪১৫/-।

০৩। বীমাভূক্তির জন্য মালিক ও শ্রমিক কর্মচারীদের নামের তালিকা নিম্নলিখিত ছকে ইংরেজীতে প্রস্তুতপূর্বক প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ফরোয়ার্ডিংসহ প্রেরণ করতে হবে। ইন্স্যুরেন্স কোম্পানীর ডাটাবেজে সমন্বয়ের জন্য সফট্‌কপি (এক্সেল অথবা ওয়ার্ড ফরমেটে) হার্ড কপির পাশাপাশি ই-মেইলের মাধ্যমে (bgapmea@gmail.com) এসোসিয়েশনে প্রেরণ করতে হবেঃ

Sl. No.	Name	Father's Name	ID/Job Card No./Designation	Date of Birth	Date of Joining
1	2	3	4	5	6

বিঃদ্রঃ (ক) তালিকা উর্ধ্বক্রমানুসারে হতে হবে। প্রত্যেক পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর, কর্তৃপক্ষের স্বাক্ষর, সিল ও তারিখ থাকতে হবে। তাছাড়া প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এ মর্মে প্রত্যয়ন দিতে হবে যে, ***"তালিকাভুক্ত সকল মালিক ও শ্রমিক/কর্মচারী সুস্বাস্থের অধিকারী এবং সকলেই স্ব-শরীরে কর্মস্থলে উপস্থিত আছেন"***;

(খ) গ্রুপ বীমা করার জন্য **'বিজিএপিএমইএ'** এর বরাবরে পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে;

(গ) বীমাভূক্ত শ্রমিক-কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পেলে অতিরিক্তদের তালিকা প্রিমিয়ামসহ, আর চাকুরী ছেড়ে চলে যাওয়া এবং নতুনভাবে যোগদান সমান সংখ্যায় হলে শুধুমাত্র নতুন যোগদানকৃতদের এবং ছেড়ে যাওয়াদের তালিকা প্রেরণ করতে হবে (সেক্ষেত্রে কোন প্রিমিয়াম প্রদান করতে হবে না)।

অপর পাতা দ্রষ্টব্য

Belkuchi House, 273/3, West Manikdi (3rd FL), BEB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com

APF THE ASIAN PACKAGING FEDERATION
World Packaging Organisation

(ঘ) বীমাভূক্ত শ্রমিক-কর্মকর্তা-কর্মচারীর মধ্যে চাকুরী থেকে চলে যাওয়ার সংখ্যা নতুনভাবে যোগদানের তুলনায় বেশী হলে কোন প্রিমিয়াম প্রদান করার প্রয়োজন নেই। তবে, এক্ষেত্রে শুধুমাত্র চাকুরী থেকে চলে যাওয়া এবং নতুনভাবে যোগদানের তালিকা প্রদান করতে হবে।

(ঙ) শ্রমিক-কর্মকর্তা-কর্মচারীর হ্রাস/বৃদ্ধির তালিকা অনুচ্ছেদ '(গ)' ও '(ঘ)' প্রতি দুইমাস অন্তর প্রদান করতে হবে।

০৪। গ্রুপ বীমায় আগ্রহী বিজিএপিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহকে স্ব স্ব প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের সংখ্যা অনুযায়ী নির্ধারিত পরিমান টাকা এবং মালিক ও শ্রমিক/কর্মচারীদের নামের তালিকা বিজিএপিএমইএ'র সাথে চুক্তিবদ্ধ **ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী**-তে প্রেরন না করা পর্যন্ত আপনার প্রতিষ্ঠানটি গ্রুপ বীমার আওতায় আসবে না। সেক্ষেত্রে আপনার প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের মৃত্যু কিংবা পঙ্গুত্ববরণ করলে গ্রুপ বীমার প্রাপ্য আর্থিক সুবিধা হতে বঞ্চিত হবে।

০৫। ১২ (বার) মাসের জন্য বীমা সুবিধা প্রাপ্তির লক্ষ্যে কোন প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের ফান্ড হতে বীমার প্রিমিয়ামের টাকা জমা প্রদানপূর্বক বীমাভূক্ত কর্মরতদের নিকট থেকে মাসিক কিস্তিতে উক্ত টাকা আদায় করার ব্যবস্থা করতে পারে।

০৬। বীমাভূক্ত প্রতিষ্ঠানের বীমা দাবির আবেদন বিজিএপিএমইএ-তে দাখিলের স্বল্পতম সময়ের মধ্যে বীমা দাবী পরিশোধ করা হয়।

০৭। এমতাবস্থায়, **০১ অক্টোবর, ২০২৪ইং হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৫ইং মেয়াদে (মেয়াদ শেষে নবায়নযোগ্য)** আপনার প্রতিষ্ঠানের গ্রুপ বীমার প্রিমিয়াম বাবদ নির্ধারিত পরিমান টাকার পে-অর্ডার এবং উল্লেখিত ছক অনুযায়ী মালিক ও শ্রমিক/কর্মচারীদের দুই সেট (এক সেট এসোসিয়েশনের অফিস কপির জন্য অপর সেট ইন্স্যুরেন্স অফিসের জন্য) নামের তালিকা এবং কোম্পানীর লেটার হেডপ্যাডে ফরোয়াডিংসহ আবেদন জরুরী ভিত্তিতে অত্র এসোসিয়েশনে হার্ড কপিতে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা **'সংলগ্নী-২'** এ প্রদত্ত হলো।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

(রুহিদাস জোদ্দার)
অফিস সচিব, বিজিএপিএমইএ।

সংযুক্তি ঃ

০১। সহযোগী বীমার সুবিধাসমূহ (সংলগ্নী-১)।
০২। বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা (সংলগ্নী-২)।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

০১। পরিচালনা পরিষদের সম্মানীত সকল সদস্যবৃন্দ।
০২। **জনাব জহির উদ্দিন আলমগীর**, চেয়ারম্যান, ব্যাংক ও বীমা (অপারেশন) সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি, বিজিএপিএমইএ, ঢাকা।
০৩। বিজিএপিএমইএ, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, ইয়াহিয়া টাওয়ার (৬ষ্ঠ তলা), ৩৩৫ সিডিএ এভিনিউ, এম. এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম-৪০০০।

অপর পাতা দ্রষ্টব্য

Bonanchi House, 279/9, West Manikdi (3rd FL), EOB Chattar Khola Bridge Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com
THE ASIAN PACKAGING FEDERATION
World Packaging Organisation

সংলগ্নী - ১

Supplementary Coverage (সহযোগী বীমা)

১) **স্থায়ী সম্পূর্ন অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PTD)ঃ-** যদি কোন বাহ্যিক দূর্ঘটনাজনিত কারণে কোন বীমাকৃত সদস্য শারিরীকভাবে আঘাতপ্রাপ্ত হওয়ার ফলে স্থায়ীভাবে সম্পূর্ন পঙ্গু বা অক্ষম হয়ে পড়েন, যার ফলশ্রুতিতে উক্ত বীমাকৃত সদস্য অর্থ উপার্জন অথবা আয়ের অন্য যে কোন প্রকার ব্যবসা, পেশা অথবা কাজ করতে একেবারে অক্ষম হন এবং সে অক্ষমতা অবিচ্ছিন্নভাবে এবং ধারাবাহিকভাবে ছয় মাস যাবৎ চলছে এবং কোম্পানী নিযুক্ত ডাক্তার কর্তৃক তার এ স্থায়ী অক্ষমতা নিরাময়ে অযোগ্য বলে প্রত্যায়িত হয়, তাহলে অত্র চুক্তিনামার শর্তানুযায়ী কোম্পানি নিয়োগকর্তাকে বীমা অংকের তফসিলে উল্লেখিত বীমা অংকের টাকা প্রদান করবেন এবং তখনই সাথে সাথে উক্ত বীমাকৃত সদস্য বীমার (অথবা বীমা ঝুঁকির) পরিসমাপ্তি ঘটবে। কোম্পানী নিম্নে বর্ণিত অক্ষমতা বা পঙ্গুত্বগুলোকে স্থায়ী এবং সম্পূর্ন পঙ্গুত্ব বা অক্ষমতা হিসেবে বিবেচনা করবে ঃ-

ক) উভয় চোখের দৃষ্টি সম্পূর্নরূপে এবং চিরতরে নষ্ট হওয়া।
খ) কব্জির উপরে উভয় হাত বা বাহু সম্পূর্নরূপে এবং চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
গ) হাঁটুর উপর থেকে উভয় পা সম্পূর্নরূপে চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
ঘ) একটি চোখ সম্পূর্ণভাবে এবং চিরতরে নষ্ট হলে এবং সে সাথে একটি পা হাটুর উপর থেকে সম্পূর্নভাবে চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
ঙ) একটি চোখ সম্পূর্ণভাবে এবং চিরতরে নষ্ট হলে এবং সেই সাথে কব্জির উপর থেকে একটি হাত বা বাহু এবং চিরতরে কাটা যাওয়া।
চ) কব্জির উপরে একটি হাত বা বাহু সম্পূর্ণরূপে বা চিরতরে খোয়া বা কাটা গেলে এবং সেই সাথে হাটুর উপর থেকে একটি পা সম্পুর্নরূপে এবং চিরতরে খোয়া বা কাটা গেলে।

বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০১৮ মোতাবেক উপরোক্ত কারনে বীমাকারীর বীমার ধরণ অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) থেকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রদান করা হবে।

২) **দুর্ঘটনাজনিত কারনে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PPD)ঃ-** এ সহযোগী চুক্তি চালু থাকাকালীন সময়ে যদি বীমাকৃত অন্য কোন কারন ব্যতীত কেবলমাত্র বাহ্যিক দূর্ঘটনাজনিত বিপর্যয়ের প্রত্যক্ষ কারনে স্থায়ী আংশিক অঙ্গহানির জন্য বীমা অংকের অংশ বিশেষ ক্ষতিপূরণ নিম্নলিখিত তফসিল অনুযায়ী দেয়া হবে, তবে একটি দূর্ঘটনা হতে উদ্ভূত আঘাতের কারনে ক্ষতিপূরণ বাবদ তফসিলে বর্ণিত ক্ষতিপূরনের কেবলমাত্র একটি, অর্থাৎ ক্ষতিপূরনের বৃহত্তর অংকটি দেয়া হবে ঃ

বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন এর প্রথম তফসিল (ধারা ২(১), (৬৭) এবং ধারা ১৫১ মোতাবেক
স্থায়ী আংশিক অক্ষমতা সৃষ্টিকারী বলিয়া গণ্য জখমের/ ক্ষতিপূরনের তালিকা

ক্রমিক নং	জখমের বিবরণ	উপার্জন ক্ষমতাহানির শতাংশ
১.	উভয় হাত হারানো বা উপরের অংশ হইতে কাটিয়া ফেলা-	১০০%
২.	এক হাত বা এক পা হারানো-	১০০%
৩.	উভয় চোখের দৃষ্টি শক্তি এমন পরিমানে হারানো যাহা দৃষ্টি শক্তির প্রয়োজন হয় এরূপ কোন কাজ করিতে দাবীদারকে অক্ষম করিয়া ফেলে-	১০০%
৪.	উভয় পা বা উরু কাটিয়া ফেলা অথবা এক পাশের পা বা উরু কাটিয়া ফেলা এবং যে কোন পা হারানো-	১০০%
৫.	মুখাবয়বের মারাত্মক বিকৃতি-	১০০%
৬.	সম্পূর্ণ বধিরতা- কাটিয়া ফেলার ঘটনা-উপরের অঙ্গ (যে কোন বাহু)-	১০০%
৭.	কাঁধের জোড়া পর্যন্ত কাটিয়া ফেলা-	৮০%
৮.	কাঁধের নীচে এমনভাবে কাটিয়া ফেলা যেখানে কাটার পর অবশিষ্ট অংশ এ্যাক্রোমিয়নের অগ্রভাগ- হইতে ২০ সেন্টিমিটারের কম থাকে-	৭০%
৯.	এ্যাক্রোমিয়নের অগ্রভাগের ২০ সেন্টিমিটার হইতে অলিক্রেননের অগ্রভাগের ১১ সেন্টিমিটারের কম পর্যন্ত কাটিয়া ফেলা-	৬০%
১০.	এক হাত অথবা বৃদ্ধাংগুলি এবং এক হাতের চারটি আংগুল হারানো অথবা অলিক্রেননের অগ্রভাগের ১১ সেন্টিমিটার নীচ হইতে কাটিয়া ফেলা-	৬০%
১১.	বৃদ্ধাংগুলি হারানো-	৩০%
১২.	বৃদ্ধাংগুলি এবং ইহার হাড় হারানো-	৩০%
১৩.	এক হাতের চারটি আংগুল হারানো-	৫০%
১৪.	এক হাতের তিনটি আংগুল হারানো-	৩০%
১৫.	এক হাতের দুইটি আংগুল হারানো-	২০%
১৬.	বৃদ্ধাংগুলির হাড়ের শেষ অংশ হারানো-কাটিয়া ফেলার ঘটনা-নীচের অংগ-	১০%
১৭.	উভয় পায়ের পাতা কাটিয়া ফেলা	৯০%

ক্রমিক নং	জখমের বিবরণ	উপার্জন ক্ষমতাহানির শতাংশ
১৮.	উভয় পায়ের পাতা প্রক্সিম্যাল হইতে পায়ের গোড়ালি এবং আংগুলির ক্ষুদ্র হাড়ের গ্রন্থি পর্যন্ত কাটিয়া ফেলা-	৮০%
১৯.	উভয় পায়ের সকল আংগুল পায়ের গোড়ালি হাড়ের সহিত আংগুলের ক্ষুদ্র হাড়ের গ্রন্থি সংযোগ পর্যন্ত হারানো-	৪০%
২০.	প্রক্সিম্যাল হইতে প্রক্সিম্যাল ইন্টারফেলানজিয়েল গ্রন্থি পর্যন্ত উভয় পায়ের সকল আংগুল হারানো-	৩০%
২১.	ডিসটাল হইতে প্রক্সিম্যাল ইন্টারফেলানজিয়েল গ্রন্থি পর্যন্ত উভয় পায়ের সকল আংগুল হারানো-	২০%
২২.	কোমরের নিম্নভাগ হইতে কাটিয়া ফেলা-	৯০%
২৩.	কোমরের নিম্নভাগ হইতে এমনভাবে কাটিয়া ফেলা যাহাতে কাটিয়া ফেলার পর অবশিষ্ট অংশ যেন লম্বায় গ্রেট ট্রোচান্টারের অগ্রভাগ হইতে ১২.৫ সেন্টিমিটারের অধিক, কিন্তু মধ্য উরুর বাহিরে না হয়-	৮০%
২৪.	কোমরের নিম্নভাগ হইতে এমনভাবে কাটিয়া-ফেলা যাহাতে কাটিয়া ফেলার পর অবশিষ্ট অংশ যেন লম্বায় গ্রেট ট্রোচান্টারের অগ্রভাগ হইতে ১২.৫ সেন্টিমিটারের অধিক না হয়-	৭০%
২৫.	মধ্য উরু হইতে হাটুর নীচে ৯ সেন্টিমিটার পর্যন্ত কাটিয়া ফেলা-	৬০%
২৬.	হাটুর নীচে এমনভাবে কাটিয়া ফেলা যাহাতে অবশিষ্টাংশ ৯ সেন্টিমিটারের বেশী কিন্তু ১২.৫ সেন্টিমিটারের অধিক না হয়-	৫০%
২৭.	হাটুর নীচে এমনভাবে কাটিয়া ফেলা যাহাতে অবশিষ্টাংশ ১২.৫ সেন্টিমিটারের অধিক হয়-	৪০%
২৮.	এক পায়ের পাতা কাটিয়া ফেলা যাহাতে উহা দ্বারা দাঁড়ানো সম্ভব না হয়-	৩০%
২৯.	প্রক্সিম্যাল হইতে পায়ের গোড়ালি হাড়ের সহিত আংগুলের ক্ষুদ্র হাড়ের গ্রন্থি পর্যন্ত এক পায়ের পাতা কাটিয়া ফেলা-	৩০%
৩০	পায়ের গোড়ালির হাড়ের সহিত আংগুলের ক্ষুদ্র হাড়ের গ্রন্থি পর্যন্ত এক পায়ের সকল আংগুল হারানো-	২০%
	অন্যান্য যখম	
৩১.	কোন জটিলতা ছাড়া এক চোখ হারানো, অন্য চোখ স্বাভাবিক-	৪০%
৩২.	কোন জটিলতা বা চোখের মনির বিকৃতি ছাড়াই এক চোখের দৃষ্টিশক্তি হারানো, অন্য চোখ স্বাভাবিক-	৩০%
	ডান বা বাম হাতের আংগুল (তর্জনী আংগুল)	
৩৩.	সম্পূর্ণ-	১৪%
৩৪.	দুইটি ক্ষুদ্র অস্থি-	১১%
৩৫.	আংগুলের একটি হাড়-	৯%
৩৬.	হাড় না হারাইয়া আংগুলের অগ্রভাগ কাটিয়া ফেলা-	৫%
	ডান বা বাম হাতের আংগুল (মধ্যম আংগুল)	
৩৭.	সম্পূর্ণ-	১২%
৩৮.	দুইটি ক্ষুদ্র অস্থি-	৯%
৩৯.	একটি হাড়-	৭%
৪০.	হাড় না হারাইয়া আংগুলের অগ্রভাগ কাটিয়া ফেলা-	৫%
	ডান বা বাম হাতের আংগুল (অনামিকা অথবা কনিষ্ঠ আংগুল)	
৪১.	সম্পূর্ণ-	৭%
৪২.	দুইটি ক্ষুদ্র অস্থি-	৬%
৪৩.	একটি হাড়-	৫%
৪৪.	হাড় না হারাইয়া আংগুলের অগ্রভাগ কাটিয়া ফেলা-	৫%
	ডান বা বাম পায়ের আংগুল (বৃদ্ধাংগুল)	
৪৫.	পায়ের পাতার অস্থির সংগে আঙ্গুলের ছোট অস্থির গ্রন্থি পর্যন্ত-	১০%
৪৬.	ক্ষুদ্র অস্থির কিছু অংশ হারানোসহ, আংশিক-	৩%
	(অন্য আংগুল)	
৪৭.	পায়ের পাতার অস্থির সংগে আঙ্গুলের ছোট অস্থির গ্রন্থি পর্যন্ত-	৩%
৪৮.	ক্ষুদ্র অস্থির কিছু অংশ হারানোসহ, আংশিক-	২%
	(বৃদ্ধাংগুলি ছাড়া এক পায়ের দুইটি আংগুল)	
৪৯.	পায়ের পাতার অস্থির সংগে আঙ্গুলের ছোট অস্থির গ্রন্থি পর্যন্ত-	৫%
৫০.	ক্ষুদ্র অস্থির কিছু অংশ হারানোসহ, আংশিক-	২%
	(বৃদ্ধাংগুলি ছাড়া এক পায়ের তিনটি আংগুল)	
৫১.	পায়ের পাতার অস্থির সংগে আঙ্গুলের ছোট অস্থির গ্রন্থি পর্যন্ত-	৬%
৫২.	ক্ষুদ্র অস্থির কিছু অংশ হারানোসহ, আংশিক-	৩%
	(বৃদ্ধাংগুলি ছাড়া এক পায়ের তিনটি আংগুল)	
৫৩.	পায়ের পাতার অস্থির সংগে আঙ্গুলের ছোট অস্থির গ্রন্থি পর্যন্ত-	৯%
৫৪.	ক্ষুদ্র অস্থির কিছু অংশ হারানোসহ, আংশিক-	৫%

Berkoom House, 273/3, West Kafrul, Cantonment, Dhaka, EGB Chattar Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email: bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com

APF THE ASIAN PACKAGING FEDERATION
WPO World Packaging Organisation

সংলগ্নী - ২

বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা
(ইংরেজী বর্ণের ক্রমানুসারে)

Sl.	Name of Company & Membership No.	Sl.	Name of Company & Membership No.
1.	**Active (BD) Ltd., Gazipur** Membership No. 1523	2.	**Adzi Trims Ltd., Dhaka** Membership No. 1462
3.	**AKH Packaging & Accessories Ltd., Dhaka** Membership No. 528	4.	**AKH Trims Ltd., Dhaka** Membership No. 901
5.	**Al-Muslim Accessories Ltd., Dhaka** Membership No. 708	6.	**Al-Muslim Garments Accessories Ltd., Dhaka** Membership No. 1196
7.	**Apex Accessories Ltd., Gazipur **** Membership No. 498	8.	**Asian Printing & Packaging Ltd., Bagerhat** Membership No. 1809
9.	**A-Tex Label (BD) Ltd., Dhaka** Membership No. 1718	10.	**Baig Trimming Ltd., Gazipur** Membership No. 1660
11.	**Blazon Trims & Packaging Ltd.** Membership No. 1707	12.	**Chittagong Padding Mills Ltd., Ctg.** Membership No. 446
13.	**Concorde Knitting & Dyeing Ind. Ltd., Gazipur** Membership No. 1714	14.	**Confidence Accessories (Pvt) Ltd., Narayanganj** Membership No. 1389
15.	**Creative Packaging Industry, Gazipur** Membership No. 1168	16.	**Creative Tape Industries Ltd., Dhaka** Membership No. 963
17.	**DB Trims Ltd., Gazipur** Membership No. 1725	18.	**Debonair Padding & Quilting Solution Ltd., Mymensingh** Membership No. 1433
19.	**Disari Poly Print & Packaging Industries Ltd., Gazipur** Membership No. 826	20.	**Divine Packaging Ltd., Jessore** Membership No. 1149
21.	**DZN Labels Ltd., Gazipur** Membership No. 1329	22.	**Eco Trims Bangladesh Ltd.** Membership No. 1732
23.	**EMS Apparels Ltd., Gazipur** Membership No. 1392	24.	**Epyllion Limited, Narayanganj** Membership No. 353
25.	**Etafil (Bangladesh) Ltd., Gazipur **** Membership No. 1166	26.	**Faiza Button And Zipper Ltd.** Membership No. 229
27.	**G Six Packaging & Accessories Ltd., Dhaka** Membership No. 797	28.	**Global Accessories Ltd., Ctg.** Membership No. 1088
29.	**GMS Trims Ltd., Gazipur** Membership No. 1106	30.	**Good & Fast Packaging Co. Ltd., Gazipur** Membership No. 1528
31.	**Grace Accessories Ltd., Ctg.** Membership No. 1033	32.	**Graphics Accessories Ltd., Dhaka** Membership No. 1743
33.	**Hamza Trims Ltd., Dhaka** Membership No. 1286	34.	**Intimate Printing & Packaging Ltd.** Membership No. 352
35.	**Khan Accessories & Packaging Co. Ltd. (KAPCO), Gazipur** Membership No. 10	36.	**Liberty Fashion Yarn Dyeing & Packaging **** Membership No. 757
37.	**Loparex Coatings Industry, Dhaka** Membership No. 1363	38.	**Majumder Packages Ltd., Narayanganj** Membership No. 22
39.	**Maxim Label and Packaging (BD) Pvt. Ltd., Dhaka** Membership No. 1030	40.	**Micro Trims Limited., Narayanganj** Membership No. 1343
41.	**MNC Packages Ltd., Ctg.** Membership No. 148	42.	**Modern Needlecraft Ltd., Gazipur** Membership No. 1365
43.	**Murano Tex, Mymensingh** Membership No. 1011	44.	**Newage Accessories Ltd., Tangail **** Membership No. 639
45.	**Nilorn Bangladesh Ltd., Manikgonj** Membership No. 1536	46.	**Nixon Box Industries Ltd., Gazipur** Membership No. 1367
47.	**Oyshi Packages Ltd., Gazipur** Membership No. 673	48.	**Packman BD. Ltd., Dhaka** Membership No. 219

Berkuchi House, 273/3, West Manik Mia Avenue, CEEB Chattar Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com

Sl.	Name of Company & Membership No.	Sl.	Name of Company & Membership No.
49.	**Papyrus FastQ (BD) Ltd., Dhaka** Membership No. 1138	50.	**Parkway Packaging & Printing PLC., Gazipur** Membership No. 820
51.	**Pesh Accessories Ltd., Gazipur** Membership No. 1545	52.	**Poly Corr Packaging, Gazipur** Membership No. 1072
53.	**Poly Plan Ltd.** Membership No. 1334	54.	**Printo Pack Ltd.** Membership No. 77
55.	**Racy Fashion & Packaging Ind. Ltd., Gazipur** Membership No. 1791	56.	**Rehash Accessories & Sourcing Ltd., Gazipur** (Former Sharif Enterprise) Membership No. 1170
57.	**Reliance Trim Park Ltd., Dhaka** Membership No. 1458	58.	**Retail Technologies Ltd., Gazipur** Membership No. 1190
59.	**Ridoy Rifat Ind. Ltd., Narayanganj** Membership No. 873	60.	**Ripon Packaging Industries (Pvt) Ltd., Gazipur** Membership No. 773
61.	**Rizvi Trims Ltd.** Membership No. 1857	62.	**R.S.S Thread And Accessories Ltd., Gazipur** Membership No. 1299
63.	**RSS Greentex Ltd., Gazipur** Membership No. 1804	64.	**Rupam Packages & Printing (Pvt) Ltd., Gazipur** Membership No. 337
65.	**S. D. Packaging & Accessories Ltd., Gazipur** Membership No. 165	66.	**Sakib Poly Industries Ltd., Dhaka** Membership No. 520
67.	**Sans Packaging & Accessories Industries Ltd., Gazipur** Membership No. 606	68.	**Shaan Packaging Ind. (Pvt.) Ltd., Dhaka** Membership No. 614
69.	**Shahdowlla Business, Dhaka** Membership No. 953	70.	**Shine Embroidery Ltd.** Membership No. 1330
71.	**Shuangwei Clothing Accessories Ltd.** Membership No. 1739	72.	**Siam Computerized Elastic Inds. Ltd. (MUMTEX), Dhaka** Membership No. 450
73.	**S M Accessories Ltd.** Membership No. 1838	74.	**Standard Fashions Ltd. (Accessories Unit), Dhaka **** Membership No. 874
75.	**Standard Group Ltd. (Unit-2), Gazipur **** Membership No. 1355	76.	**Supreme Embellishment Ltd., Gazipur** Membership No. 1437
77.	**Swiss Tex Ltd. **** Membership No. 305	78.	**Tag N Pac, Dhaka** Membership No. 1543
79.	**The Adorn Industries Ltd., Dhaka** Membership No. 1360	80.	**The Civil Engineers Packaging Ltd., Gazipur** Membership No. 938
81.	**The Delta Accessories Ltd., Gazipur **** Membership No. 759	82.	**Thread & Thread Inds. Ltd., Gazipur** Membership No. 321
83.	**Total Trims International** Membership No. 1823	84.	**Transworld Packaging (BD) Ltd.** Membership No. 1878
85.	**Tripack Enterprise Ltd.** Membership No. 328	86.	**Twice Poly Bag & Thread Ind. Ltd., Dhaka** Membership No. 403
87.	**Uniglory Button Ltd. (UBL), Dhaka **** Membership No. 1194	88.	**Uniglory Packaging Ind. Ltd. (UPIL), Tangail** Membership No. 1232
89.	**Uniglory Paper & Packaging Ltd (UPPL), Tangail** Membership No. 1026	90.	**Union Label & Accessories Ltd., Gazipur** Membership No. 188
91.	**United Nine Bangladesh OPC** Membership No. 1669	92.	**United Quality Accessories Ltd., Dhaka** Membership No. 1722
93.	**Victoria Fashion Acc. Industry, Gazipur** Membership No. 1159	94.	**Wahab Packaging & Accessories, Dhaka** Membership No. 1851
95.	**Yamin Accessories Ltd., Gazipur** Membership No. 1822	96.	**Youngshine Packtrims Ltd., Gazipur** Membership No. 1275
97.	**Yunusco T&A (BD) Ltd., Dhaka **** (Former Shore to Shore BD Ltd) Membership No. 503	98.	**ZDD Industries Ltd., Dhaka** Membership No. 666

BGAPMEA DHAKA Regd No C.T.O.290 (02) 91

Benkuchi House, 275/3, West Manikdi (3rd FL), LCB Chattar Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com

APF THE ASIAN PACKAGING FEDERATION
World Packaging Organisation